জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরখাস্ত

বিদেশে লোক পাঠানোর নামে টাকা আত্মসাৎ এর মামলায় দুই বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ লাখ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হওয়ায় জীবননগর উপজেলার ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

মঙ্গলবার বিকালে স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব মো. আবু জাফর রিপন স্বাক্ষরিত একটি প্রজ্ঞাপন হাতে পান সীমান্ত ইউনিয়ন পরিষদের সচিব শামীম সরোয়ার। এর আগে গত সোমবার বিকেলে প্রজ্ঞাপনটি সীমান্ত ইউনিয়ন পরিষদে পাঠান জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মুনিম লিংকন।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, গত ২৪ জানুয়ারি চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলায় দোষী সাব্যস্ত হয়ে ২ বছরের সশ্রম কারাদণ্ড ও ১০ লাখ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হন সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ওই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা নিতে সুপারিশও করেছেন। দণ্ডপ্রাপ্ত ওই চেয়ারম্যানের দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বলে মনে করে সরকার।

এছাড়া তার দ্বারা সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী তাকে তার স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্ত করা হলো। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর করা হবে। গত ১৭ মে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে প্রজ্ঞাপনটি পাঠায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ।

দৌলতপুর সিমান্তে বাংলাদেশি নারীর মরদেহ ফেরত দিলো বিএসএফ

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে রাশিদা খাতুন (৪০) নামের এক বাংলাদেশি নারীর মরদেহ উদ্ধারের চারদিন পর পতাকা বৈঠকের মাধ্যমে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

মঙ্গলবার বিকেলে উপজেলার বিলগাথুয়া-জয়পুর সীমান্তে বিজিবির কাছে মরদেহ হস্তান্তর করা হয়। দৌলতপুর সীমান্তে বাংলাদেশি এসময় ৪৭ বিজিবি ব্যাটালিয়নের প্রাগপুর কোম্পানি কমান্ডার সুবেদার আমজাদ হোসেন, দৌলতপুর থানার উপ-পরিদর্শক জিয়াউর রহমান জিয়া, ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চরমেঘনা বিএসএফ ক্যাম্পের অধিনায়ক এসি বিমল কুমার, হোগলবাড়িয়া থানার ইন্সপেক্টর ফারুক হোসেন ও করিমপুর থানার ওসি পিন্টু সরকার উপস্থিত ছিলেন। পরে নিহত রাশিদা খাতুনের মরদেহ বাংলাদেশে নেয়ার তার পরিবারের নিকট হস্তান্তর করে বিজিবি।

এর আগে, শনিবার (২৯ মে) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে দৌলতপুরের বিলগাথুয়া-জয়পুর সীমান্ত এলাকায় এক বাংলাদেশি নারীর মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়। পুলিশ নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কৃষ্ণনগর জেলা সদর জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করে। রাশিদা খাতুন দৌলতপুর উপজেলার প্রাগপুর ইউনিয়নের গুড়ারপাড়া গ্রামের আব্দুল কাদেরের মেয়ে।

মেহেরপুরে আরও ২১ জন করোনা

আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ৩ জন, গাংনীতে ১২ জন এবং মুজিবনগরে ৪ জন রয়েছেন। বাকি ২ জন সাতক্ষীরা এলাকার।

মঙ্গলবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, আজ ৬৮টি রিপোর্টের ফলাফল এসেছে। এর মধ্যে এন্টিজেন টেষ্ট ৪৮ টি, জীন এক্সপার্ট-১ টি, আরটিপিসিআর-১৯ টি এবং নতুন পজেটিভ-২১ টি। বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৮৫ জন। তার মধ্যে সদরে ২০ জন, গাংনীতে ৩৯ জন এবং মুজিবনগরে২৬ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ২৩ জন। সদর-১০, গাংনী-১০ এবং মুজিবনগর- ৩ জন।

এসময় তিনি সবাই সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

ঝিনাইদহে বিশ্ব দুগ্ধদিবস উপলক্ষ্যে আলোচনা সভা

প্রতিদিন এক গ্লাস দুধ পান করুন, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন” এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে জেলা শিল্পকলা একাডেমিতে প্রাণী সম্পদ অধিদপ্তরের আয়োজনে প্রাণী সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের সহযোগীতায় এ উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মজিবর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি ছিলেন জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আনন্দ কুমার অধিকারী, সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম। এছাড়া সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুব্রত কুমার ব্যানার্জী, ডেইরী ফার্মার এ্যাসোসিয়েশনের সভাপতি কাজী মোহাম্মদ ফারুকসহ প্রাণী সম্পদ অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী ও উপকারভোগীরা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে উপস্থিত শিশুদের মাঝে প্যাকেটজাত দুধ বিতরণ করা হয়। বক্তারা, নিরাপদ দুধ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি সকলকে প্রতিনিয়ত দুধ পান করার আহবান জানান।

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় তিন ভুয়া পুলিশ আটক

ঝিনাইদহে আসল পুলিশের খাঁচায় বন্দি হয়েছে তিন ভুয়া পুলিশ। সদর উপজেলা হলিধানী ইউনিয়নের সরকারি ভেটেরিনারি কলেজ এলাকায় অভিযান চালিয়ে ঝিনাইদহ গোয়েন্দা (ডিবি) এই তিন ভুয়া পুলিশকে আটক করে।

আটককৃতরা হলেন, মেহেরপুর উপজেলার বাড়াদি ইউনিয়নের বড়শিবাড়িয়া গ্রামের পুরাতন পাড়ার আরিফ হোসেনের ছেলে মোঃ নাজমুল হক (২৬), নুর ইসলামের ছেলে মোঃ লিখন আলী (২২) ও ওয়ালিউর রহমানের ছেলে মোঃ রনি (২৫)।

ঝিনাইদহে ডিবি পুলিশের ওসি আনোয়ার হোসেন জানান রোববার রাত ৮টার দিকে ঝিনাইদহ ভেটেরিনারি কলেজ এলাকা থেকে তাদের আটক করা হয়। এ সময় তাদের কাছ থেকে একটি লোহার তৈরী পিস্তল সাদৃশ্য গ্যাসলাইট, রেক্সিসেনের কভার দ্বারা দিয়ে তৈরী বেল্ট ও পুলিশের স্টিকার লাগানো একটি মটরসাইকেল (চুয়াডাঙ্গা ল- ১১-৯০৩১) উদ্ধার করা হয়। আটকের সময় তারা নিজেদের পুলিশ সদস্য বলে পরিচয় দেয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, আটককৃত তিন ব্যক্তি পুলিশ পরিচয়ে প্রতারণা করার জন্য ঝিনাইদহে আসছিলো। খবর পেয়ে ডিবি পুলিশ তাকের আটক করে। গত সোমবার জিজ্ঞাসাবাদ শেষে তাদের আদালতে সোপর্দ করা হয়।

সিংহাটিতে বহিরাগত নারী দিয়ে দেহ ব্যবসা! জনতার হাতে আটক-২

মেহেরপুর সদর উপজেলার সিংহাটি গ্রামের পূর্বপাড়ায় বহিরাগত নারী এনে অনৈতিক কাজ করার সময় স্থানীয়দের হাতে আটক হয়েছেন নারীসহ দুইজন।

সোমবার রাত আনুমানিক নয়টার দিকে পুর্বপাড়ার জনৈক ব্যক্তির মাল্টা বাগান থেকে তাদের হাতেনাতে আটক করে স্থানীয়রা। ঘটনাস্থল থেকে জানা যায়, সিংহাটি পুর্বপাড়ার মৃত হবির ছেলে ভ্যানচালক কাদা বিভিন্ন জায়গা থেকে বহিরাগত নারীদের গ্রামে এনে দেহ ব্যবসা চালায়।

ঐ নারী বলেন ঘটনার রাতে মেহেরপুরের রায়পুরের খোকা মোটরসাইকেলে করে সিংহাটি গ্রামে ১২শ টাকা চুক্তিতে আমাকে এনে কাদার হাতে তুলে দেয়। এসময় খদ্দের হিসেবে ছিল সিংহাটি পুর্ব পাড়ার হাবেল, সিরাজুল, মহিদ ও কাদা নামের চার ব্যক্তি। কাজ শেষে রাতের আধারে বাগানে লাইট মেরে টাকা গুনে দেয়ার সময় দেখে ফেলে পথচারীরা। তখন দৌড়ে গিয়ে তাদের দুজনকে ঘটনাস্থল থেকে হাতেনাতে আটক করে।

স্থানীয়রা জানান, কাদা দীর্ঘদিন ধরে গ্রামে এধরনের অনৈতিক কাজ চালিয়ে আসছে। সে গ্রামের উঠতি বয়সের যুবক থেকে শুরু করে মধ্যবয়সীদের দিয়ে এই ব্যবসা চালায়। এতে করে উঠতি বয়সের যুবকেরা ধ্বংসের পথে পা বাড়াচ্ছে। জনতার রোষানলে পড়ে খোকা তার ব্যবহৃত মোটরসাইকেলটি ফেলে পালিয়ে যায়। খবর পেয়ে বারাদী পুলিশ ক্যাম্পের টুআইসি এএসআই তরিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে যায় এবং মহিলাকে বাড়ি পৌছে দেয়ার শর্তে একজনের জিম্মায় রাখে ও মোটরসাইকেলটি ক্যাম্প হেফাজতে নেন।

করোনার দ্বিতীয় ঢেউ ঠেকাতে

কঠোর দামুড়হুদা উপজেলা

প্রশাসন

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতের জরিমানা আদায়, চলতি সময়ে করোনার দ্বিতীয় ঢেউ মোকাবিলায় কঠোর হয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন। আর এর অংশ হিসেবে সরকারি-বেসরকারি অফিস সহ সব জায়গায় চলাচলে মাস্ক ব্যবহার নিশ্চিত করার পরিকল্পনা নেওয়া হয়েছে।
আর এরই ধারাবাহিকতায় গতকাল মঙ্গলবার বিকাল ৩ টার সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নির্দেশে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সুদীপ্ত কুমার সিংহ দামুড়হুদা উপজেলার চত্বরে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন, এসময় মুখে মাস্ক ব্যবহার না করার অপরাধে ৭ জনকে ১২০০টাকা জরিমানা আদায় করা হয়েছে।
এসময় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি সুদীপ্ত কুমার সিংহ, বলেন, সাধারণত এসময় হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি। আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার দ্বিতীয় ঢেউ । এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
তিনি আরো বলেন, সব ধরনের অফিসে কর্মচারী থেকে কর্মকর্তাদের মধ্যে মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। বাইরে চলাচলে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর হবে প্রশাসন। সর্বোচ্চ সতর্কতা নিতে হবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।ভ্রাম্যমান আদালতে সহযোগিতা করেন,আনসার সদস্য

গাদাগাদি করে বাসে যাত্রি বোঝায় করে দ্বিগুণ ভাড়া আদায়

ঝিনাইদহ জেলার অধিকাংশ রুটে গণপরিবহনের যাত্রীদের দূর্ভোগের শেষ নেই। গতকাল কালিগঞ্জ হতে খালিশপুর রুটে শাপলা গাড়ির যাত্রীরা ক্ষুব্ধ হয়ে মেহেরপুর প্রতিদিন কে জানান বাসের কন্ডাকটর দ্বিগুণ ভাড়া নিচ্ছে কিন্তু বাসে নেই কোনো সামাজিক দূরত্ব।

সরকারি নিয়ম অমান্য করে বাসে গাদাগাদি করে যাত্রী তুলছে নিচ্ছে দ্বিগুণ ভাড়া এতে বিপাকে পড়ছে স্বল্প আয়ের সাধারণ জণগণ। মাননীয় প্রধানমন্ত্রী সহ স্থানীয় জেলা প্রশাসকের কাছে সাধারণ জনগণের দাবি বাস সহ সকল সাধারণ জানবহনে যেনো অবৈধভাবে অতিরিক্ত ভাড়া নিয়ে নিম্ন আয়ের মানুষের উপর জুলুম না করা হয়। বাসের মধ্যে পরিষ্কার পরিছন্নতা রাখা ও সেনিটাইজারের ব্যবস্থা করা পাশাপাশি মাস্ক ব্যতীত গণপরিবহনে যাত্রী না তোলার অনুরোধ জানান।

গাংনীতে পুকুর থেকে শিশুর মরদেহ উদ্ধার

গোসল করতে গিয়ে নিখোঁজের সাড়ে তিন ঘন্টা পর শিশু আহসান হাবিবের মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিসের একটি টীম। মঙ্গলবার বিকেল সাড়ে চারটার দিকে গাংনীর বামন্দী ফায়ার সার্ভিসের একটি টীম তার মরদেহ উদ্ধার করে।

আহসান হাবিব মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামের আনিছুর রহমানের ছেলে। তার বয়স ৮ বছর।
বামুন্দী ফায়ার সার্ভিস টীম লিডার ইছাহাক আলী জানান, দুপুর টার দিকে আহসান হাবিব তার সাথিদের সাথে গ্রামের হামিদুল ইসলামের পুকুরে গোসল করতে গিয়ে নিখোঁজ হয়। খোঁজাখুজি করে না পাওয়া গেলে আজিবর রহমান নামের এক যুবক ৯৯৯ ফোন করে।

৯৯৯ থেকে আমাদের কাছে কল ফরওয়ার্ড করার সাথে সাথে বিকেল সাড়ে চারটার দিকে ফায়ার সার্ভিসের একটি টীম এসে আহসান হাবিবের মরদেহটি উদ্ধার করে।
এ ব্যাপারে গাংনী থানার ওসি বজলুর রহমান জানায়, একটি অপমৃত্যু মামলা হয়েছে। পুলিশের একটি টীম ঘটনাস্থল পরিদর্শন করেছে বলেও জানান ওসি।

মুজিবনগরে গাঁজা সেবনকারীর ৭ দিনের কারাদন্ড

মুজিবনগরে গাঁজা সেবন করার অপরাধে আশিকুর রহমান(১৯) নামের এক মাদক সেবিকে ৭ দিনের কারাদন্ড দিয়েছে ভ্রাম্মমান আদালত। সাথে ১ শত টাকা জরিমানা আদায় করা হয়।

মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ অভিযান চালানো হয়। দন্ডকৃত আসামী মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের রাসেলের ছেলে।
ভ্রাম্মমান পরিচালনা করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও ভ্রাম্মমান আদালতের এক্সিকিউটিভ ম্যাজিট্রেট নাজমুল আলম।

তিনি জানান, মাদকসেবি দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে গাঁজা সেবন করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। পরে স্কলের ভিতর তাকে গাঁজা সেবনকরা অবস্থায় হাতে নাতে আটক করা হয়। তার শরিল তল্লাশী করে তার কাছ থেকে ৩০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

পরে সেখানে মোবাইল কোর্ট বসিয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ সালের ৪২ এর ১ ধারায় তাকে ৭ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১ শত টাকা জরিমানা আদায় করা হয়।
ভ্রাম্মমান চলাকালীন সময়ে মুজিবনগর থানার এসআই মোমিনুর রহমান ও এএসআই আক্তারুজ্জামান সহযোগীতা করেন।